**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date : 22.05.2026** **Desk in Charge : SDG**
**Time: 7-50 PM** **Edit. &Compile : DSS**
**DEO : KB** **NRT : DSS**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ নতুন দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি CP রাধাকৃষ্ণান এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেন।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল ঊনবিংশতি-তম ‘রোজগার মেলা’য়, সরকারের বিভিন্ন দপ্তর ও সংস্থায় ৫১ হাজারের’ও বেশী নবনিযুক্তের হাতে নিয়োগ পত্র তুলে দেবেন।

৩/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারত ও বাংলাদেশের মধ্যে সীমান্ত সুরক্ষিত করতে, ‘স্মার্ট বর্ডার প্রজেক্ট’-এর পরিকল্পনা করেছে সরকার।

৪/ রেশন ব্যবস্থায় দুর্নীতি, অযোগ্য উপভোক্তা এবং খাদ্যশস্যের অপচয় রুখতে রাজ্য জুড়ে বিশেষ যাচাই অভিযান শুরু করছে খাদ্য ও সরবরাহ দপ্তর।

৫/ দীর্ঘ তিন বছর পর রাজ্য সমবায় দপ্তরের বিভিন্ন ক্ষেত্রে আবার শূন্য পদে নিয়োগ করা হবে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৬/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে নবজাগরণের পথিকৃত সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়ের ২৫৪-তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে।

***************************************************************************

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ নতুন দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি CP রাধাকৃষ্ণান এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বগ্রহণের পর এটি শ্রী অধিকারীর রাষ্ট্রপতির সঙ্গে এটি প্রথম সাক্ষাৎকার। বৈঠকের আলোচ্য সূচী সম্পর্কে বিস্তারিত অবশ্য এখনো জানা যায়নি। পরে সামাজিক মাধ্যমে এক বার্তায় উপরাষ্ট্রপতি CP রাধাকৃষ্ণান বলেছেন, পশ্চিমবঙ্গকে শান্তি ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাওয়া এবং বিকশিত বাংলা ও বিকশিত ভারতের স্বপন সাকার করে তোলার পক্ষে শুভেন্দু অধিকারীর উদ্যোগের জন্য তিনি তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর সঙ্গেও দেখা করেন শুভেন্দু অধিকারী। প্রতিরক্ষা মন্ত্রী, শ্রী অধিকারীকে এক রাজনৈতিক অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিত্ব হিসেবে বর্ণনা করে বলেন, পশ্চিমবঙ্গকে এক নতুন উচ্চতায় পৌঁছে দিতে তাঁর উদ্যোগ বিশেষ ফলপ্রসূ হবে।

উল্লেখ্য, নতুন সরকারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর প্রথম দিল্লি সফরে শ্রী অধিকারী গতকাল রাজধানী পৌঁছন। রাতেই, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-র সঙ্গে বৈঠক হয় তাঁর ।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল ঊনবিংশতি-তম ‘রোজগার মেলা’য়, সরকারের বিভিন্ন দপ্তর ও সংস্থায় ৫১ হাজারের’ও বেশী নবনিযুক্তের হাতে নিয়োগ পত্র তুলে দেবেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে ওই অনুষ্ঠানে ভাষণ’ও দেবেন শ্রী মোদী।

দেশের ৪৭টি স্থানে এই রোজগার মেলা-র আয়োজন করা হচ্ছে। এর মধ্যে আছে পশ্চিমবঙ্গের তিনটি। কলকাতার শিয়ালদায় বিসি রায় মেমোরিয়াল হলে, রেলের পক্ষ থেকে ১৮৫ জনের হাতে নিয়োগ পত্র তুলে দেওয়া হবে। এই অনুষ্ঠানে থাকবেন, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

পশ্চিম মেদিনীপুরের খড়গপুরেও, দক্ষিণ-পূর্ব রেলের পক্ষ থেকে ১৪৭ জনের হাতে নিয়োগ পত্র তুলে দেবেন, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর।

শিলিগুড়িতে আরেকটি অনুষ্ঠানে, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী কমলেশ পাসওয়ান, নিয়োগ পত্র তুলে দেবেন নবনিযুক্তদের হাতে।

**************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারতের সঙ্গে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে দীর্ঘ সীমান্তকে সুরক্ষিত করতে সরকার, 'স্মার্ট বর্ডার প্রজেক্ট'-এর পরিকল্পনা করেছে। অত্যাধুনিক প্রযুক্তির সহায়তায় এই পরিকল্পনা রূপায়িত হলে, দেশে অনুপ্রবেশের সমস্যা বন্ধ করা সম্ভব হবে।

( বাইট – অমিত শাহ )

স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, বাংলাদেশ সংলগ্ন ত্রিপুরা ও পশ্চিমবঙ্গে নতুন সরকার অনুপ্রবেশ প্রশ্নে কেন্দ্রের সঙ্গে একমত হয়ে ব্যবস্থা নিতে চলেছে। তিনি BSF-কে অনুপ্রবেশ মোকাবিলায় দৃঢ় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।

**************************

কলকাতা হাইকোর্ট, হাওড়া স্টেশন সংলগ্ন বঙ্কিম রোডে হকার উচ্ছেদের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে। জুন মাসের শেষ সপ্তাহ পর্যন্ত এই স্থগিতাদেশ বহাল থাকবে বলে, বিচারপতি হিরন্ময় ভট্টাচার্য জানিয়েছেন।

হাইকোর্টের নির্দেশে বলা হয়েছে, হকারদের আত্মপক্ষ সমর্থনের জন্য রেল কর্তৃপক্ষকে শুনানি করতে হবে। হুগলি নদী জলপথ পরিবহনের প্রতিনিধিও সেই শুনানিতে উপস্থিত থাকবেন। শুনানির পরেই উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে রেল কর্তৃপক্ষ। রিপোর্ট আকারে তা' জমা করতে হবে কলকাতা হাইকোর্টে।

মামলার পরবর্তী শুনানি হবে ১০ই জুন।

**************************

রাজ্য সরকার, কলকাতার জলাভূমি ভরাট করে বে-আইনী নির্মাণের তদন্ত ও তার ভিত্তিতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে। নারী-শিশু বিকাশ ও সমাজ কল্যাণ এবং পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল আজ সকালে কলকাতায় সাংবাদিকদের একথা জানান। এইসব বে-আইনী নির্মাণের দায়, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিমকে নিতে হবে বলে তিনি মন্তব্য করেন।

অন্য একটি প্রসঙ্গে অগ্নিমিত্রা পাল বলেন, কাউন্সিলারদের কাছ থেকে কোনো বিষয়ে প্রয়োজনীয় শংসাপত্র পাওয়া না গেলে, বিধায়কের কাছ থেকে তা সংগ্রহ করা যেতে পারে– এই মর্মে শীঘ্রই বিজ্ঞপ্তি জারি করা হবে।

***************************

পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন আজ এক নির্দেশিকায় জানিয়েছে কেন্দ্রীয় নীতি মেনে কোন স্কুল ব্যাগের ওজন পড়ুয়ার শরীরের ওজনের ১০ শতাংশের বেশি হওয়া চলবে না। এই সংক্রান্ত নীতি নির্দেশিকা ইতিমধ্যেই জেলার শিক্ষা আধিকারিকদের কাছে পাঠানো হয়েছে। ওই নির্দেশিকায় আরো বলা হয়েছে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ব্যাগের ওজন এক কেজি ৬০০ গ্রাম থেকে ২ কেজি ২০০ গ্রামের মধ্যে রাখতে হবে।
এর পাশাপাশি প্রি প্রাইমারিতে কোন ব্যাগ আনা নিষিদ্ধ বলে জানানো হয়েছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে হোমওয়ার্ক না দেওয়ার ও সুপারিশ করা হয়েছে। ওই নির্দেশিকায় আরো জানানো হয়েছে, স্কুলে বিশুদ্ধ পানিয় জল ও মিড মিলের ব্যবস্থা নিশ্চিত করতে হবে যাতে পড়ুয়াদের জলের বোতল বা লাঞ্চ বক্স বহন করতে না হয়। ষষ্ঠ ও অষ্টম শ্রেণির পড়ুয়াদের জন্য ব্যাগবিহীন দিবসের ও প্রস্তাব করা হয়েছে।

***************************

রেশন ব্যবস্থায় দুর্নীতি, অযোগ্য উপভোক্তা এবং খাদ্যশস্যের অপচয় রুখতে রাজ্য জুড়ে বিশেষ যাচাই অভিযান শুরু করছে খাদ্য ও সরবরাহ দপ্তর। ২৩ জেলার খাদ্য দপ্তরের আধিকারিকদের নিয়ে উচ্চপর্যায়ের বৈঠকে খাদ্যমন্ত্রী অশোক কীর্তনিয়া রেশন কার্ডের বিশেষ যাচাই প্রক্রিয়াও শুরু করার নির্দেশ দিয়েছেন।খাদ্যমন্ত্রীর দাবি, গণবন্টন ব্যবস্থায় স্বচ্ছতা আনতেই এই পদক্ষেপ। বৈঠকে নির্দেশ দেওয়া হয়েছে, রেশন দোকানে কম

ওজন, নিম্নমানের খাদ্যশস্য সরবরাহ বা অন্য কোনও অনিয়মের বিরুদ্ধে কড়া নজরদারি চালাতে হবে। রাইস মিল, ফ্লাওয়ার মিল, ডিস্ট্রিবিউটর এবং ডিলার গুদামে নিয়মিত ও আকস্মিক পরিদর্শনেরও নির্দেশ দেওয়া হয়েছে।

অন্ত্যোদয় অন্ন যোজনা বা এএওয়াই উপভোক্তাদের পুনরায় যাচাইয়ের কথাও ঘোষণা করেছেন খাদ্যমন্ত্রী। সরকারি কর্মচারী, আয়করদাতা, আর্থিকভাবে সচ্ছল পরিবার, একাধিক রেশন কার্ডধারী বা অযোগ্য ব্যক্তিদের তালিকা থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া শুরু হবে। একই সঙ্গে প্রকৃত গরিব ও বঞ্চিত পরিবারকে অন্তর্ভুক্ত করার উপর জোর দেওয়া হয়েছে।

***************************

দীর্ঘ তিন বছর পর রাজ্য সমবায় দপ্তরের বিভিন্ন ক্ষেত্রে আবার শূন্য পদে নিয়োগ করা হবে বলে  রাজ্য সরকার জানিয়েছে। দপ্তরের বিশেষ সচিব শান্তনু দাস আজ সাংবাদিকদের জানান,  সমবায়  ব্যাংক সহ সব জায়গায় মোট ৩৫০টি শূন্য পদ পূরণের জন্য খুব শীঘ্রই পরীক্ষা নেওয়া হবে।

( বাইট-শান্তনু দাস  )

শান্তনু দাস  আরও বলেন, নানা অব্যবস্থার কারণে কর্মীর অভাব থাকলেও দপ্তরে কর্মী নিয়োগ সংক্রান্ত পরীক্ষা নেওয়া যায়নি। নিয়োগে স্বচ্ছতা রাখতে প্রশ্ন তৈরীর ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তাকে  কাজে লাগানো হবে বলেও তিনি জানান।

***************************

ইস্টার্ন ইন্ডিয়া মোশন পিকচার অ্যাসোসিয়েশনের কার্যালয়ে আজ কার্যনির্বাহী কমিটির বৈঠকে আজ আবার ফাইল চুরির অভিযোগ ওঠে। ইমপার সভাপতি পিয়া সেনগুপ্ত বৈঠক থেকে ফাইল চুরি করে নিয়ে পালাচ্ছেন বলে বিরোধীরা স্লোগান দিতে থাকলে কার্যালয়ের মধ্যে কার্যত রণক্ষেত্র  তৈরি হয়। দু পক্ষই মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেছে।

একটি প্রতিবেদন-                              ( ভিসি- কাশফিন )

***************************

বাংলা পক্ষের প্রতিষ্ঠাতা গর্গ চ্যাটার্জী আজ ১০ দিন পর জামিনে মুক্তি পেয়েছেন। শর্তসাপেক্ষে আজ তাঁর জামিন মঞ্জুর করে আদালত। ভোটের সময় ইভিএম নিয়ে গুজব ছড়ানোর অভিযোগে গত ১২ মে বাংলা পক্ষের প্রতিষ্ঠাতা গর্গকে গ্রেপ্তার করে পুলিশ।

***************************

উত্তর ২৪ পরগণার ভাটপাড়া পুরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান সহ মোট ৩৫ জন কাউন্সিলরের মধ্যে ৩০ জন, একযোগে পদত্যাগ করেছেন। আজ সকালে তারা ব্যারাকপুর মহকুমা শাসকের দপ্তরে এই পদত্যাগ পত্র জমা দেন। এই ঘটনায় রাজনৈতিক মহলে চাঞ্চল্য ছড়িয়েছে।

এদিকে, বিজেপি বিধায়ক অর্জুন সিং এক সাংবাদিক সম্মেলনে সংকটজনক এই পরিস্থিতিতে নাগরিক পরিষেবা যাতে ব্যাহত না হয়, সেই কারণে সরকারি আধিকারিকদের কাজ চালিয়ে যাওয়ার আবেদন জানিয়েছেন। তিনি আরো বলেন, বিধায়ক পবন সিং ও ডক্টর রাজেশ কুমার, দায়িত্ব নিয়ে এলাকার মানুষের পরিষেবা স্বাভাবিক রাখার বিষয়টি দেখভাল করবেন।

***************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বাংলার নবজাগরণের পথিকৃৎ, সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়ের ২৫৪-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

***************************

প্রথমবার আই এস এল চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল দলের ফুটবলাররা আজ ট্রফি নিয়ে ক্লাব প্রাঙ্গণে এসে পৌঁছলে সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়। কোচ অস্কার ব্রুজোর উপস্থিতিতে কয়েক হাজার লাল-হলুদ সমর্থকদের জয়ধ্বনির মধ্য দিয়ে ক্লাব পতাকা উত্তোলন করা হয়।

***************************

চিংড়িঘাটায় মেট্রোর দ্বিতীয় দফার কাজ আজ রাত থেকেই শুরু হচ্ছে। ৩১৮ নম্বর পিলার থেকে ৩১৯ নম্বর পিলার পর্যন্ত গার্ডার বসানোর এই কাজ শুরু হবে আজ, রাত ৮টায়, আগামী সোমবার সকাল ৮টা পর্যন্ত তা চলবে কাজ।

*****************************************************************